



ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

1 December 2025

7:35 AM IST

দিসপুৰে গতকাল মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শৰ্মাৰ সভাপতিত্বে অনুষ্ঠিত ৰাজ্য মন্ত্ৰিসভাৰ বৈঠকে বৈশ্ব কয়েকটি গুৰুত্বপূৰ্ণ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আসাম মন্ত্ৰিসভাৰ বৈঠকে এনএইচএমট্টএৰ প্ৰয়াত কৰ্মীদেৰ নিকটাত্মীয়েৰ ক্ষতিপূৰণ পাঁচ লাখ থেকে বাড়িয়ে সাড়ে সাত লাখ টাকা কৰাৰ অনুমোদন দেওয়া হয়েছে। পাঁচটি মিনি আইটিআইট্টৰ কৰ্মীদেৰ বেতন প্ৰায় ৩৫ শতাংশ বৃদ্ধি এবং আগামী ১ জানুয়াৰি থেকে তিন শতাংশ বাৰ্ষিক ইনক্রিমেন্টসহ নতুন বেতন কাঠামো অনুমোদিত হয়েছে।

মন্ত্ৰিসভা উত্তৰ লক্ষ্মীপুৰ বিশ্ববিদ্যালয় আইন সংশোধনে অধ্যাদেশ জাৰি, বিভিন্ন জেলায় ১,৩০০ট্টএৰ বেশি আবেদনকাৰীৰ ভূমি পাটা মঞ্জুৰ এবং ছয়টি জনগোষ্ঠীকে তফসিলি মৰ্যাদা দেওয়ার প্ৰস্তাব নিয়ে আদিবাসী সংগঠনগুলোর সঙ্গে বৈঠকেৰ সিদ্ধান্তও গ্ৰহণ করেছে।

সংসদেৰ শীতকালীন অধিবেশন আজ থেকে শুরু হচ্ছে । এদিকে অধিবেশনেৰ পূৰ্বে গতকাল সংসদ ভবনে এক সৰ্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয় । প্ৰতিৰক্ষা মন্ত্ৰী ৰাজনাথ সিংয়েৰ পৌৰহিত্যে অনুষ্ঠিত এই বৈঠকে ৩৬ টি ৰাজনৈতিক দলেৰ ৫০ জন নেতা অংশগ্ৰহণ কৰেন । বৈঠকেৰ শেষে সাংবাদিকেদেৰ সঙ্গে কথা বলতে গিয়ে সংসদীয় পৰিক্ৰমা মন্ত্ৰী কিৰেণ ৰিজিজু বলেন যে ইতিবাচক পৰিবেশে এই বৈঠক অনুষ্ঠিত হয়েছে এবং সৰকাৰ সংসদীয় শীতকালীন অধিবেশন সুষ্ঠুভাবে পৰিচালনাৰ জন্য সব ৰাজনৈতিক দলেৰ কাছে সহযোগীতা কৰাৰ আহ্বান জানিয়েছে । অধিবেশনে যেকোনো গুৰুত্বপূৰ্ণ বিষয় নিয়ে আলোচনা কৰতে সৰকাৰ প্ৰস্তুত বলে শীৰিজিজু জানান । উল্লেখ্য আগামী ১৯ শে ডিসেম্বৰ পৰ্যন্ত চলা এই অধিবেশনে মোট ১৫ টি বিল পেশ হওয়ার সম্ভাবনা রয়েছে ।

আজ বিশ্ব এইডস দিবস । আসাম ৰাজ্য এইডস কন্ট্ৰল সোসাইটিৰ উদ্যোগে আজ গুয়াহাটীৰ শ্ৰীমন্ত শংকৰদেব কলাক্ষেত্ৰ প্ৰেক্ষাগৃহে সকাল সাড়ে দশটায় বিশ্ব এইডস দিবসেৰ ৰাজ্যস্তৰেৰ কেন্দ্ৰীয় অনুষ্ঠানেৰ আয়োজন কৰা হয়েছে । এই অনুষ্ঠানে

রাজ্যের স্বাস্থ্য মন্ত্রী অশোক সিংঘল মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। উল্লেখ্য এবছর বিশ্ব এইডস দিবসের বিষয় হচ্ছে- ওভার কামিং ডিসরাপশন, ট্রেন্সফর্মিং দ্যা এইডস রেসপনস।

আজ থেকে নাগাল্যান্ডে ২৬তম হর্ন বিল উৎসব শুরু হচ্ছে। নাগাল্যান্ড সরকার ব্রিটেনকে এ বছরের হর্নবিল উৎসবে অংশীদার রাষ্ট্র হিসেবে ঘোষণা করেছে। আজ থেকে শুরু হওয়া হর্ন বিল উৎসব ১০ ডিসেম্বর পর্যন্ত কোহিমার কিসামা গ্রামে অনুষ্ঠিত হবে। দশ দিনের এই উৎসবে নাগা উপজাতি সম্প্রদায়ের লোক সংস্কৃতি, সঙ্গীত, হস্তশিল্প ও ঐতিহ্যবাহী খাবারের মাধ্যমে তুলে ধরা ধরা হবে।

শিলচর পৌর নিগমের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে শিলচর সদরঘাট ও আশপাশ এলাকার পথ বিক্রেতা যারা এখনো ভেডিং পরিচয় পত্রের জন্য আবেদন করেন নি, তাদেরকে অবিলম্বে ভেডিং পরিচয় পত্রের জন্য আবেদন করতে হবে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে ভেডিং পথ বিক্রেতাদের আজকের মধ্যে শিলচর পৌর নিগমের কার্যালয় থেকে নির্ধারিত প্র-পত্র সংগ্রহ করে পূরন করে আবেদন করতে হবে। নির্ধারিত সময় সীমার মধ্যে আবেদন পত্র জমা না করলে ভবিষ্যতে ভেডিং পরিচয় পত্র প্রক্রিয়ায় অসুবিধার সম্মুখীন হতে পারে বলে শিলচর পৌর নিগম সূত্রে জানানো হয়েছে।

শ্রীভূমি জেলা প্রশাসন থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে জেলার এরালিগুলের ১৫তম আসাম পুলিশ ব্যাটেলিয়ান ফায়ারিং রেঞ্জ আজ থেকে আগামী ১৫ই ডিসেম্বর পর্যন্ত বার্ষিক গুলি চালানোর মহড়া অনুষ্ঠিত হবে। এই গুলি চালানোর মহড়ার সময় যাতে কোন ধরনের অবাঞ্ছিত দুর্ঘটনা সংগঠিত না হয়, সেজন্য ফায়ারিং রেঞ্জ সংলগ্ন এলাকার জনগনকে সাবধানতা অবলম্বন করে চলাচল করতে সতর্ক করা হয়েছে।

শ্রীভূমি জেলায় জাতীয় খাদ্য সুরক্ষা যোজনার অধীনে অন্ত্যোদয় অন্ন যোজনা ও প্রায়োরিটি হাউস হোল্ড রেশন কার্ডধারীদের ডিসেম্বর মাসের ভর্তুকি যুক্ত মুসুর ডাল, চিনি ও লবন বরাদ্দ করা হয়েছে। জেলার খাদ্য, গণ বন্টন, গ্রাহক পরিক্রমা ও বৈধ পরিমাপ বিভাগ থেকে রেশন কার্ড পিছু প্রতিটি সামগ্রী এক কিলোগ্রাম করে হিতাধিকারীদের সরকার নির্ধারিত রেইই মূল্যে বিতরণ করতে রেশন দোকানদারদের নির্দেশ দেওয়া হয়েছে।

শ্রীভূমির জেলা কৃষি আধিকারীক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে আজ শ্রীভূমি সদর রাজস্ব চক্রের অধীন মালগড় উন্নয়ন খন্ড কার্যালয়ের সাদারাশিতে কৃষকদের নাম পঞ্জীয়নের কাজ সম্পন্ন করা হবে। জেলা কৃষি আধিকারীক জেলার সব কৃষকদের আধার কার্ড, জমাবন্দির নথি ও আধার সংযুক্ত মোবাইল ফোন নিয়ে সকাল ১০টায় সংশ্লিষ্ট চক্র আধিকারীকের কার্যালয় ও উন্নয়ন খন্ড কার্যালয়ে উপস্থিত থাকতে আহ্বান জানিয়েছেন।

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অব শিলচর সিগনেচারের ব্যবস্থাপনায় আজ রোজকান্দি চা বাগানে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে। শিবির সকাল ১০টায় শুরু হবে।

শিলচরের উজ্জীবন স্পেসটিক সোসাইটির উদ্যোগে আগামী তেসোরা ডিসেম্বর বিশ্ব দিব্যঙ্গ দিবস পালন করা হবে। এ উপলক্ষে সকাল সাড়ে ১১টায় তারাপুর ইন্ডিয়া ক্লাব সংলগ্ন সোসাইটির কার্যালয়ে এক সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

হাইলাকান্দি জেলার লালার অটল বিহারী বাজপেয়ী ফুটবল প্রতিযোগিতার ফাইনালে জারীবোন মীতে এফ সি বিজয়ী হয়েছে । গত শনিবার লালামুখ ফুটবল মাঠে আয়োজিত ফাইনাল খেলায় জারীবোন মীতে এফ সি টাইব্রেকারে ৫-৪ গোলের ব্যবধানে জম্ণাবাদ এফ সি-কে পরাজিত করে । ফাইনাল খেলায় মুখ্য অতিথি হিসেবে বরাক চা যুব মোর্চার সাধারন সম্পাদক বিশ্বজিৎ কৈরী , মহেশ প্রসাদ কালোয়ার , কিরন তেলী প্রমুখ উপস্থিত ছিলেন । ফাইনাল ম্যাচে সেরা খেলোয়ার নির্বাচিত হয়েছেন কেলভিন ।
